গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৩৬/২০১৭-১৮

ঢাকা, রোববার, ৩ জুন ২০১৮, ২০ জ্যৈষ্ঠ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। কুড়িগ্রামে 'শেখ হাসিনা ধরলা সেতু' আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

২। টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন

এতিমদের মাঝে ঈদ উপহার বিতরণ

৩। পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনদের সম্মানে গণভবনে প্রধানমন্ত্রীর ইফতার

৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে আন্তর্জাতিক সমর্থন চায় বাংলাদেশ : প্যারিসে স্পিকার

৫। জেনেভায় আইনমন্ত্রীর সঙ্গে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের বৈঠক

৬। বাংলাদেশের নিহত ৪ শান্তিরক্ষীকে জাতিসংঘের মেডেল প্রদান

৭। ব্যাংকখাতের বিষয় নিয়ে সতর্কতার সঙ্গে সিদ্ধান্ত নিতে হবে : বাণিজ্যমন্ত্রী

৮। যুবসমাজকে বাঁচাতে মাদকের বিরুদ্ধে অভিযান : নলিতাবাড়িতে কৃষিমন্ত্রী

৯। মৎস্যজীবীদের স্বাবলম্বী করতে সরকার বিশেষ প্রকল্প গ্রহণ করেছে : নাঙ্গলকোটে পরিকল্পনামন্ত্রী

১০। ওয়ার্ড কাউন্সিলর একরামুল হকের মৃত্যুর ঘটনা ম্যাজিস্ট্রেট তদন্ত করবে : স্বরাষ্ট্রমন্ত্রী

চলমান পাতা-২

১। কুড়িগ্রামে 'শেখ হাসিনা ধরলা সেতু' আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

কুড়িগ্রামে 'শেখ হাসিনা ধরলা সেতু' আজ (৩ জুন রোববার) উদ্বোধন করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সকাল দশটায় গণভবন থেকে কুড়িগ্রাম ফুলবাড়ী উপজেলার আছিয়ার বাজার এলাকায় ব্রিজের পূর্ব অংশে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ব্রিজটির উদ্বোধন করবেন। ব্রিজ উদ্বোধন উপলক্ষে গতকাল (২ জুন শনিবার) কুড়িগ্রাম জেলা প্রশাসন সম্মেলনকক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৪,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১৩,ক.৮)।

২। টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা নিবেদন
এতিমদের মাঝে ঈদ উপহার বিতরণ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধা নিবেদন করেছেন। গতকাল (২ জুন শনিবার) সকাল ১০টা ৫৫ মিনিটে প্রধানমন্ত্রী হেলিকপ্টারে করে টুঙ্গিপাড়া পৌঁছান। বেলা ১১টায় প্রধানমন্ত্রী টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিসৌধে ফুল দিয়ে গভীর শ্রদ্ধা জানান। টুঙ্গিপাড়ায় প্রধানমন্ত্রীর ছোট ভাইয়ের নামের প্রতিষ্ঠান শেখ রাসেল দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসনকেন্দ্রের এতিম কন্যা শিশুদের হাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঈদের শুভেচ্ছা উপহার তুলে দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১২,ক.১)।

৩। পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনদের সম্মানে গণভবনে প্রধানমন্ত্রীর ইফতার

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারি বাসভবন গণভবনে পরিবারের সদস্য এবং আত্মীয়-পরিজনদের সম্মানে এক ইফতার মাহফিলের আয়োজন করেন। গতকাল (২ জুন শনিবার) এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। জাতির পিতার ছোট মেয়ে এবং প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানা ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন। ইফতারের আগে দেশ-জাতি এবং সমগ্র মুসলিম উম্মাহ'র শান্তি সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮)।

৪। রোহিঙ্গা প্রত্যাবাসনে আন্তর্জাতিক সমর্থন চায় বাংলাদেশ : প্যারিসে স্পিকার

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, দ্বিপক্ষীয় আলোচনা এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের সমর্থন নিয়ে রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপদ, শান্তিপূর্ণ ও স্থায়ী প্রত্যাবাসন চায় বাংলাদেশ। গত ১ জুন শুক্রবার প্যারিসে ফ্রান্সের ন্যাশনাল অ্যাসেম্বলিতে ফ্রান্স-বাংলাদেশ মৈত্রী গ্রুপ আয়োজিত 'মিয়ানমার ও বাংলাদেশে রোহিঙ্গা পরিস্থিতির ওপর আন্তর্জাতিক সম্মেলন' এ প্রধান বক্তার বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

৫। জেনেভায় আইনমন্ত্রীর সঙ্গে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনারের বৈঠক

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হকের সঙ্গে জেনেভায় জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার জেইদ রাদ আল হোসেইন বৈঠক করেছেন। গত ১ জুন শুক্রবার অনুষ্ঠিত এ বৈঠকে তারা বাংলাদেশ ও বিশ্ব মানবাধিকার সম্প্রসারণ ও সুরক্ষা আরো নিশ্চিত করার উপায় ও পদ্ধতি নিয়ে আলোচনা করেন। বৈঠকে হাইকমিশনার বলেন, রোহিঙ্গাদের প্রতি বাংলাদেশের চলমান উদারতা পশ্চিমা বিশ্বসহ অন্যান্য অনেক দেশের কাছে প্রকৃতপক্ষে একটি উদাহরণ হয়ে থাকবে। তিনি জাতিসংঘের মানবাধিকার ব্যবস্থাপনার প্রতি বাংলাদেশ যথাযথ সাড়া প্রদান করায় সরকারের ভূয়সী প্রশংসা করেন। এ সময় আইনমন্ত্রী রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ার ফলে বাংলাদেশ যেসব সমস্যার মোকাবিলা করছে তা তুলে ধরেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

৬। **বাংলাদেশের নিহত ৪ শান্তিরক্ষীকে জাতিসংঘের মেডেল প্রদান**

জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে কর্তব্যরত অবস্থায় বাংলাদেশের চার শান্তিরক্ষীসহ বিশ্বের ৩৭টি দেশের ১২৮ জন আত্মোৎসর্গকারী শান্তিরক্ষাকর্মীকে সর্বোচ্চ ত্যাগের জন্য ‘দ্যাগ হ্যামারশোল্ড মেডেল’ দিয়েছে জাতিসংঘ। গত ১ জুন শুক্রবার জাতিসংঘ সদরদফতরে আন্তর্জাতিক শান্তিরক্ষা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে এ মেডেল দেওয়া হয়। বাংলাদেশের পক্ষ থেকে মেডেল গ্রহণ করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

৭। **ব্যাংকখাতের বিষয় নিয়ে সতর্কতার সঙ্গে সিদ্ধান্ত নিতে হবে : বাণিজ্যমন্ত্রী**

দেশের ব্যাংকখাতে সমস্যা হলে আবাসনসহ অন্যান্য উন্নয়ন কার্যক্রম ক্ষতিগ্রস্ত হবে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, এ ক্ষেত্রে সতর্কতার সঙ্গে সিদ্ধান্ত নিতে হবে। গতকাল (২ জুন শনিবার) ঢাকা ক্লাবের স্যামসন এইচ চৌধুরী সেন্টারে ‘জাতীয় অর্থনীতিতে আবাসন খাত শীর্ষক’ গোলটেবিল আলোচনায় তিনি একথা বলেন। তিনি বলেন, আবাসন খাতের উন্নয়নের জন্য সরকারের মন্ত্রণালয়গুলো কাজ করে যাচ্ছে। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২০,ক.১)।

৮। **যুবসমাজকে বাঁচাতে মাদকের বিরুদ্ধে অভিযান : নলিতাবাড়িতে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, যুবসমাজকে রক্ষা ও আগামী বংশধরদের বাঁচানোর জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন। দেশে চলমান এ মাদকবিরোধী অভিযান বন্ধ করা যাবে না। গতকাল (২ জুন শনিবার) শেরপুরের নলিতাবাড়ীতে এক সমাবেশে তিনি এসব কথা বলেন। দরিদ্রদের জন্য খাদ্যদ্রব্য বিতরণ উপলক্ষে কাপাসিয়া শহিদ স্মৃতি উচ্চ বিদ্যালয় মাঠে এ সমাবেশের আয়োজন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

৯। **মৎস্যজীবীদের স্বাবলম্বী করতে সরকার বিশেষ প্রকল্প গ্রহণ করেছে : নাঙ্গলকোটে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, সরকার মৎস্যজীবীদের স্বাবলম্বী করতে বিশেষ প্রকল্প গ্রহণ করেছে। যখন নদীনালা শুকিয়ে যায় তখন মৎস্যজীবীরা মাছ শিকার করতে পারেন না। সেই সময় পরিবার পরিজন নিয়ে তাদের অনেক কষ্টে জীবনযাপন করতে হয়। বর্তমান সরকার বিশেষ সময়গুলোতে মৎস্যজীবীদের খাদ্য সহায়তা দিয়ে যাচ্ছে। বিভিন্ন সময়ে জাল, সেলাই মেশিন, নগদ অর্থ দিয়ে সহযোগিতা করছে। ফলে তাদের এখন আর অভাবে থাকতে হয় না। গতকাল (২ জুন শনিবার) কুমিল্লার নাঙ্গলকোট উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা মৎস্য অফিসের আয়োজনে নিবন্ধিত জেলেদের মাঝে সেলাই মেশিন বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।

১০। **ওয়ার্ড কাউন্সিলর একরামুল হকের মৃত্যুর ঘটনা ম্যাজিস্ট্রেট তদন্ত করবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, কক্সবাজারের টেকনাফে বন্দুকযুদ্ধে নিহত ওয়ার্ড কাউন্সিলর একরামুল হকের পরিবারের পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো আনুষ্ঠানিক অভিযোগ করা হয়নি। পরিবারের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো অভিযোগ না পাওয়া গেলেও একরাম নিহত হওয়ার ঘটনাটি একজন ম্যাজিস্ট্রেট তদন্ত করবেন। তদন্ত শেষে ঐ ম্যাজিস্ট্রেট যে প্রতিবেদন দেবেন, তার ভিত্তিতেই জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (২ জুন শনিবার) রাজধানীর ধানমণ্ডিতে নিজ বাসভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. **জনকণ্ঠ :** তীব্র গরমে ডায়রিয়ার প্রকোপ বাড়ার কথা উল্লেখ করে এ অবস্থা রোধে বিশুদ্ধ পানি ও ব্যবহারের ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** দেশে প্রায় আড়াই লাখ অবৈধ গ্রাহক বছরে ২০০ কোটি টাকার গ্যাস ব্যবহার করছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে অবৈধ গ্যাস সংযোগের হোতাদের বিরুদ্ধে কঠোর আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** গাজীপুরের কাপাসিয়া উপজেলায় কমিউনিটি ক্লিনিকের দুরবস্থার কথা উল্লেখ করে দেশের সব কমিউনিটি ক্লিনিক যেন দরিদ্র মানুষকে মানসম্মত স্বাস্থ্যসেবা দিতে পারে সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল** : দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলায় যাতায়াতে মানিকগঞ্জের পাটুরিয়া ও রাজবাড়ির দৌলতদিয়ায় পদ্মা নদী অতিক্রম করার ১৬টি ফেরির মধ্যে ১৫টিই ত্রুটিপূর্ণ উল্লেখ করে এ সমস্যা সমাধানে দ্রুত পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **বণিক বার্তা** : বিশ্বের অন্যান্য দেশের মতো আমাদের দেশেও ই-কমার্সের পরিধি বাড়ছে উল্লেখ করে এ খাতের উন্নয়নে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়নের ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** নগরীর জলাশয়গুলো দখল-দূষণে ক্রমাগত হারিয়ে যাওয়ায় এসব প্রাকৃতিক জলাশয়গুলো সংরক্ষণ ও দখল প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান** : রাজধানীসহ দেশের সর্বত্র বিপণিবিতানগুলো বৈদ্যুতিক সরঞ্জামে ঝলমল করে সাজিয়ে রাখায় ব্যাপক বিদ্যুতের অপচয় হওয়ায় সবাইকে সতর্কতার সাথে বিদ্যুৎ ব্যবহারের আহ্বান।

জ. **ডেইলি স্টার :** রেলের টিকিটের জন্য কমলাপুর রেলস্টেশনে রাত্রী যাপনের জনভোগান্তি তুলে ধরে কর্তৃপক্ষকে সহজে টিকিট প্রাপ্তির ব্যবস্থা নিশ্চিত করার সুপারিশ।

ঝ. **নিউ এজ** : দেশের কারাগারগুলোতে ধারণ ক্ষমতার দ্বিগুণের বেশি কারাবন্দি থাকার পরিপ্রেক্ষিতে কারা কর্তৃপক্ষকে বন্দিদের মানবিক আইনি অধিকার রক্ষায় বিচারাধীন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করার প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সমৃদ্ধ জাতি গঠনে মানসম্মত শিক্ষার বিকল্প নেই।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'অপার সম্ভাবনাময় পর্যটন শিল্প'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের দেশের দর্শনীয় স্থানগুলোতে পর্যটকদের আকৃষ্ট করতে হলে নৈসর্গিক সৌন্দর্যের পাশাপাশি আরও কিছু আধুনিক পদ্ধতি সংযোজন করে পর্যটনবান্ধব পরিবেশ গড়ে তোলা সম্ভব।

#

ডালিয়া/খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা